রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুন ১৭, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**(কেন্দ্রীয় ব্যাংক শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪২৬/১১ জুন ২০১৯

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৮.৩০৬—বাংলাদেশ ব্যাংক আদেশ ১৯৭২ এর অনুচ্ছেদ ১০(৪) অনুসারে বাংলাদেশ ব্যাংকে সরকার কর্তৃক এক বা একাধিক ডেপুটি গভর্নর পদে নিয়োগদানের বিধান রয়েছে। সে লক্ষ্যে ডেপুটি গভর্নর এর সর্বোচ্চ ৪টি পদে উল্লিখিত পদ্ধতিতে নিয়োগের জন্য কোনো ব্যক্তিকে বিবেচনার উদ্দেশ্যে নিম্নেবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা নির্ধারণ করা হ'ল—

০২। ডেপুটি গভর্নর পদে নিয়োগের যোগ্যতা—

(১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী; তবে অর্থ, আর্থিক ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, ব্যবসা প্রশাসন বিষয়সমূহকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

(২) অর্থ বা আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত কার্যক্রমে অন্যূন ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সরকারের কার্যক্রমে সর্বমোট অন্যূন ২৫ (পঁচিশ) বছরের অভিজ্ঞতা অথবা দেশে/বিদেশে কেন্দ্রীয় ব্যাংক অথবা বাণিজ্যিক বা বিশেষায়িত ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানে নির্বাহী পরিচালক অথবা উপব্যবস্থাপনা পরিচালক পদে ২ বছরের অভিজ্ঞতাসহ ২৫ বছরের কর্ম অভিজ্ঞতা;

(৩) সামষ্টিক অর্থনীতি/মুদ্রানীতি/বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনা বিষয়ে সম্যক ধারণা, বিশ্লেষণ ক্ষমতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে;

(৪) সন্তোষজনক যোগাযোগ, উপস্থাপনা ও আলাপ-আলোচনা, কৌশলে-দক্ষতা (Communication Presentation and Negotiation Skill) সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া যেতে পারে;

(৫) বাণিজ্যিক ব্যাংকে ২৫ বছরের অভিজ্ঞতা এবং Financial Technology বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের মধ্য হতে একটি ডেপুটি গভর্নর এর পদ পূরণ করা যেতে পারে।

০৩। নিয়োগ পদ্ধতি—

(১) ডেপুটি গভর্নর পদে নিয়োগের জন্য সরকার কর্তৃক জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;

(২) উক্ত পদে নিয়োগের জন্য সরকার বাছাই কমিটি গঠন করতে পারবেন অথবা সরকার স্বীয় বিবেচনায় উক্ত পদে যে কোনো ব্যক্তিকে নিয়োগ প্রদান করতে পারবেন;

(৩) সরকার কর্তৃক বাছাই কমিটি গঠিত হলে উক্ত কমিটির সুপারিশ সরকার বিবেচনা করতে পারবেন;

(৪) উক্ত পদে নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলে বিবেচিত হবেন না, যদি তিনি বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইলড না হন।

০৪। উক্ত পদে নিয়োগ করা হবে না যদি—

(১) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত কোনো মেডিক্যাল অফিসার এ মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগছেন না, যা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যঘাত সৃষ্টি করতে পারে; এবং

(২) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, উক্ত পদের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নন।

০৫। উক্ত পদে নিয়োগের জন্য সুপারিশ করা হবে না, যদি তিনি—

(১) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(২) সরকারি চাকুরী কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

০৬। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে সরকার কর্তৃক নির্ধারিত বেতন-ভাতাদি ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান সাপেক্ষে নির্ধারিত মেয়াদের জন্য তাঁকে চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। চাকুরীর সন্তোষজনকতার ভিত্তিতে মেয়াদান্তে তাঁর চাকুরীর মেয়াদ বৃদ্ধি করা যাবে; তবে তাঁর বয়স ৬২ বছর অতিক্রান্ত হলে তাঁকে এ চাকুরীতে নিয়োজিত রাখা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ইফতেখার হোসেন**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd